১৯৪	৫৪৪০	০.০৩
৪৮৩	৫৪৪১	০.০৯
১১৩	৫৪৪২	০.০৫
১১৩	৫৪৪৩	০.১১
৪৮৩	৫৪৪৪	০.০৫

খতিয়ান নম্বর	দাগ (এসএ)	অধিগ্রহণকৃত জমি (একর)
৪৮৩	৫৪৪৫	১.৬৮
১১৩	৫৪৪৬	০.৮৮
১১৩	৫৪৪৭	০.০২
৪৩৯	৫৪৪৮	০.০২
৪৩৯	৫৪৪৯	০.৫৪
২৬৩	৫৪৫০	০.৫২
৪৮৩	৫৪৫২	০.০২
৫৪৮	৫৪৫৩	০.০২
৪৮৩	৫৪৫৪	০.০৩
২৪৭	৫৪৫৯	০.১২
২৪৭	৫৪৬০	০.০৫
২৪৭	৫৪৬১	০.২৪
২৪৭	৫৪৬২	১.৩৪
৪৮৩	৫৪২১	০.০১
৪৮৩	৫৪৬৩	০.১২
১০৪, ৩২৪, ২৩	৫৪৬৪	০.০৪
১০৪, ৩২৪, ২৩	৫৪৬৫	০.৩২
১০৪	৫৪৬৬	০.১৫
৬১	৫৪৬৭	১.৫২
২৩	৫৪৬৯	০.৩৭
২৩	৫৪৭০	০.৩০
১০৪	৫৪৭১	০.২৮
৯১	৫৪৭২	১.৩২
৯৪	৫৪৭৩	০.৪৫
১০০	৫৪৭৪	০.৯৮
৯৫, ৯৭	৫৪৭৫	০.৮৮
৯৬	৫৪৮০	১.৬৮
২৫১	৫৪৮১	০.১৬
২৫২	৫৪৮৪	০.১৪
৪৮৩	৫৪৮৫	০.০৬
৯১	৫৪৮৯	০.৯৪
২৭, ৩১২	৫৪৯২	০.১৮
২৩	৫৪৯৫	১.৩০
৯৫, ৯৭	৫৫০৪	০.২০
৯৫, ৯৭	৫৫০২	০.৩৬
২৮৮	৫৫০৫	১.২৬
৫৫৭	৫৫১০	০.৬৭
৫৫৭	৫৫১১	০.০২
২৫২	৫৫১২	০.০৩
৯৫, ৯৭	৫৫১৩	১.১০
৩৮৮	৫৫১৪	০.১৩
৯৬	৫৫৭৭	১.০৬

খতিয়ান নম্বর	দাগ (এসএ)	অধিগ্রহণকৃত জমি (একর)
৯৭	৫৫৭৮	০.৪৫
১১৩	৫৬১২	০.৪৪
৯১	৫৬২৫	০.৫৭
৯১	৫৬২৬	০.৩৮
৯৭	৫৬২১	০.০৮
৪৮৩	৫৬০৬	০.০৪
৪৪০	৫৬১৬	০.১৫
৫৪৮	৫৪২৯	০.০৫
৪৮৩	৫৪৩০	০.১১

মোট =৪৭.১৬ একর

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম
যুগ্ম-সচিব।

এলএ কেস নম্বর ১৪২(W)/১৯৬২-৬৩
ফরম-ঘ
ঘোষণা
[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ২৪ মে ২০১৫

নং ৩১. ০০.০০০০.০৪৮.৩৪.০২৯.১৫-২৬৯—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২২-০১-১৯৬৩ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হয়েছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রির্পোট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল।

তফসিল

জেলা পটুয়াখালী, উপজেলা কলাপাড়া, মৌজা তেগাছিয়া, জে এল নম্বর ৪৩, সিট নং ৫।

খতিয়ান নম্বর	দাগ (এসএ)	অধিগ্রহণকৃত জমি (একরে)
১৭২	৩৭৩২	০.২৮
৫	৩৭৩৬	০.৪৫
৫	৩৭৩৮	১.০০
১৭৮	৩৭৪০	১.৫৪
১৭২	৩৭৪২	০.০৪
১৭২	৩৭৪৩	০.৫৮
১৪০	৩৭৪৪	০.৮৫
১৪০	৩৭৪৫	০.০৭
৪	৩৭৪৬	০.৪৭
৪	৩৭৫০	০.৩৫
৪	৩৭৫১	২.১০
৩৬	৩৭৫৩	০.৫৮
৩৬	৩৭৫৯	২.৩০
৪১	৩৭৬৪	০.৪০
৪১	৩৭৬৫	০.০৮
৪১	৩৭৬৬	০.২৫
৪১	৩৭৬৯	০.৬৭
৪১	৩৭৭১	০.০৬
৪১	৩৭৭৭	০.৮২
৪১	৩৭৭৮	০.১২
৪১	৩৭৭৯	০.০৫
৪১	৩৭৮০	২.২৪
৩৬	৩৭৮৪	০.০৬
৩৬	৩৭৮৬	০.০২
৪১	৩৭৮৮	০.৯৮
৪১	৩৭৯৩	১.০০
		মোট =১৭.৩৬ একর

কথায় সতের দশমিক তিন ছয় একর।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম
যুগ্ম-সচিব।

এলএ কেস নম্বর ৬৩(W)/১৯৬৪-৬৫
ফরম-ঘ
ঘোষণা
[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ২৪ মে ২০১৫

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০২৯.১৫-২৭০—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৪-১১-১৯৬৪ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হয়েছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রির্পোট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল।

তফসিল

জেলা পটুয়াখালী, উপজেলা কলাপাড়া, মৌজা কুমিরমারা, জে এল নং ৪২, সিট নং ২।

খতিয়ান নম্বর	দাগ (এসএ)	অধিগ্রহণকৃত জমি (একরে)
৮৬	১৫৬৫	০.১৬
৪৩	১৫৬০	০.২৬

খতিয়ান নম্বর	দাগ (এসএ)	অধিগ্রহণকৃত জমি (একর)
৪৩	১৫৬১	০.৩৫
৪৩, ১৪১	১৫৬২	০.৭৬
৮৬	১৫৬৪	০.৯৫
৯, ১১০	১৫৬৭	০.০৮
৯, ১১০	১৫৬৯	০.০৬
৯, ১১০	১৫৭০	০.০৯
৯, ১১০	১৫৭০	০.০৯
৯, ১১০	১৫৭১	০.৩৬
৯, ১১০	১৫৭২	০.২৪
		মোট =৩.৩১ একর

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম
যুগ্ম-সচিব।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-১ অধিশাখা
প্রজ্ঞাপন
তারিখ, ৪ জুন ২০১৫

নং ৩৩.০০.০০০০.১১৭.০৬.০০১.১৩-৪৬১—যেহেতু, ডাঃ শাহনাজ বেগম, ভেটেরিনারি সার্জন, লীভ/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা প্রেষণে জেলা ভেটেরিনারি হাসপাতাল, ময়মনসিংহ গত ৩০-১২-২০১২ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সেই প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুসারে তার বিরুদ্ধে রুজুকৃত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়। স্থায়ী ঠিকানায় প্রেরিত অভিযোগানা ও অভিযোগ বিবরণী "প্রকৃত মালিক বাড়িতে পাওয়া গেল না তাই ফেরৎ" এবং বর্তমান ঠিকানার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী "প্রাপক দেশের বাহিরে চলিয়া গিয়াছে তাই ফেরত" মর্মে ডাক বিভাগ কর্তৃক মন্তব্য সহকারে ফেরত দেয়া হয়;

যেহেতু, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১৭-০৬-২০১৪ তারিখের ৩৩.০০.০০০০.১১৭.০৬.০০১.১৩-৪১০ নং অফিস আদেশে তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার মতামতে তার বিরুদ্ধে আনীত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ প্রমাণিত হওয়ায় মন্ত্রণালয়ের ১৮-০৯-২০১৪ তারিখের ৩৩.০০.০০০০.১১৭.০৬.০০১.১৩-৬৪২ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ তার বর্তমান এবং স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা হয়। বর্তমান ঠিকানায় প্রেরিত পত্রটি "প্রাপক বর্তমান ঠিকানায় না পাওয়ায় ফেরত" এবং স্থায়ী ঠিকানায় পত্রটি" প্রাপক গ্রামের বাড়ীতে থাকেনা তাই ফেরত দেওয়া গেল" উল্লেখ পূর্বক ডাক বিভাগ কর্তৃক ফেরৎ প্রদান করা হয়;

যেহেতু, ডাঃ শাহনাজ বেগম, ভেটেরিনারি সার্জন, লীভ/ রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা প্রেষণে জেলা ভেটেরিনারি হাসপাতাল, ময়মনসিংহকে অননুমোদিত অনুপস্থিতির তারিখ ৩০-১২-২০১২ থেকে সরকারি চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)-এর বিষয়ে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধির আওতায় অসদাচরণ ও অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে একই বিধিমালার ৪(৩) (ডি) বিধি অনুযায়ী অনুপস্থিতির তারিখ ৩০-১২-২০১২ হতে সরকারি চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)-করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেলীনা আফরোজা, পিএইচডি
সচিব।

শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-৭ (কলেজ-২)
প্রজ্ঞাপনসমূহ
তারিখ, ১৭ জ্যৈষ্ঠ ১৪২২/৩১ মে ২০১৫

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৩.১৫-২৯৫—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব আবুল আনাম মোঃ রিয়াজ (৪০১৩), সহযোগী অধ্যাপক (পদার্থবিদ্যা), এম সি কলেজ, সিলেট কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ২০১৩-২০১৪ শিক্ষা বর্ষে ভর্তির জন্য ছাত্র ছাত্রীদের নিকট থেকে জনপ্রতি ৩০০/- টাকার পরিবর্তে অতিরিক্ত ৩৩০/- টাকা করে মোট ২,২৩,৩০০/- টাকা অতিরিক্ত আদায়ের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে মামলা রুজু করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন এবং ০৬-০২-২০১৩ তারিখে তার শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তা জানান যে, কলেজের বিভিন্ন কাজের জন্য সরকারি টাকার পাশাপাশি আরোও অর্থের প্রয়োজন হয়। এখানে তার ব্যক্তিগতভাবে কোন লাভবান হওয়ার সুযোগ নেই। কারণ জনপ্রতি আদায়কৃত অতিরিক্ত ৩০/- টাকা যথারীতি রশিদের মাধ্যমে আদায় করা হয়েছে। এই অর্থ খরচ করার জন্য সার্কুলার রয়েছে। এ ক্ষেত্রে তার ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার প্রমাণ না থাকায় তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব আবুল আনাম মোঃ রিয়াজ (৪০১৩), সহযোগী অধ্যাপক (পদার্থবিদ্যা), এম সি কলেজ, সিলেট এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

নং শিম/শা-৭/বিভাগীয় মামলা-১৩/২০১২/৩০২—যেহেতু বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা সৈয়দ ইসরাত পারভীন (০০০৯৬৩), সহযোগী অধ্যাপক (প্রাণিবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে বিভিন্ন মেয়াদে শিক্ষা ছুটিসহ সর্বমোট ০৪ (চার) বছর ছুটি ভোগের পর ০৫-০৯-২০১০ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু

করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু তিনি নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে জেলা প্রশাসক, ঢাকা এর মাধ্যমে নোটিশটি জারীর ব্যবস্থা গ্রহণ করা হলে কোন জবাব পাওয়া য়ায়নি। অতঃপর বিষয়টি তদন্তের সিদ্ধান্ত গৃহিত হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় এবং তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। পরবর্তীতে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলেও কোন জবাব কিংবা পত্রটি ফেরৎ পাওয়া যায়নি। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি জেলা প্রশাসক, ঢাকাকে তার স্থায়ী ও বর্তমান কর্মস্থলের ঠিকানায় জারী করে রিটার্ণ প্রদানের জন্য অনুরোধ করা হলে বিবেচ্যপত্র মারফত জেলা প্রশাসক, জানান যে, "অভিযুক্ত ব্যক্তিকে খুঁজে পাওয়া যায়নি";

যেহেতু, সৈয়দ ইসরাত পারভীন এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক "চাকুরি থেকে বরখাস্ত (Dismissal From Service)" করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেন;

সেহেতু, সৈয়দ ইসরাত পারভীন (০০০৯৬৩), সহযোগী অধ্যাপক (প্রাণিবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক "চাকুরি থেকে বরখাস্ত (Dismissal From Service) করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজরুল ইসলাম খান
সচিব।

অফিস আদেশ

তারিখ, ১৭ জ্যৈষ্ঠ ১৪২২/৩১ মে ২০১৫

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩১.১৪-৩০৩—যেহেতু, জনাব মোঃ ফয়সল আলম, সহকারি অধ্যাপক (বাংলা), সরকারি আইন উদ্দিন কলেজ, মধুখালী, ফরিদপুর এর বিরুদ্ধে সাপাহার থানার মামলা নং ১৪, তারিখ ২৯-০৯-২০১৪ ধারা মাদ্রকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১) এর টেবিল ৯(ক) এর এজহার নামীয় আসামী করা হয়। উক্ত মামলায় তাকে পুলিশ গ্রেফতার করে ৩০-০৯-২০১৪ তারিখে বিজ্ঞ আদালতে সোপর্দ করে এবং বিজ্ঞ আদালত তাকে জেল হাজতে প্রেরণ করেছেন;

যেহেতু, জনাব মোঃ ফয়সল আলমকে বিএসআর (পার্ট-১) এর বিধি ৭৩ এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং ED(Reg.VII) S-১২৩/৭৮১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও জনস্বার্থে প্রয়োজন;

সেহেতু, জনাব মোঃ ফয়সল আলমকে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

২। সাময়িকভাবে বরখাস্তকালীন তিনি প্রচলিত নিয়মে বিধি অনুযায়ী খোরপোষ ভাতা পাবেন;

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজরুল ইসলাম খান
সচিব।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

শাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ২ আষাঢ় ১৪২২/১৬ জুন ২০১৫

নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৮.১৫-১১৬২—মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার রাঢ়ীখালে অবস্থিত স্যার জগদীশ চন্দ্র বসুর বাড়ির প্রত্নতাত্ত্বিক গুরুত্ব থাকায় ১৯৬৮ সালের প্রত্নতত্ত্ব সংরক্ষণ আইন (১৯৭৬ সালে সংশোধিত) অনুযায়ী পুরাকীর্তি হিসেবে সংরক্ষণযোগ্য বিবেচিত হওয়ায়, সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

ক্রমিক নং	প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি	প্রত্নসম্পদের ভূমির বিবরণ			জমির পরিমাণ (একরে)	চৌহদ্দী	মালিকানা	প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা	মন্তব্য
		মৌজার নাম	খতিয়ান নং	দাগ নং					
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
(১)	বিজ্ঞানী স্যার জগদীশ চন্দ্র বসুর বাড়ি গ্রাম রাঢ়ীখাল ইউনিয়ন রাঢ়ীখাল উপজেলা শ্রীনগর জেলা মুন্সীগঞ্জ	রাঢ়ীখাল	১৮৪২	৫৩১৩	৩.৮১ একর এর কাতে ৬৭′×৫১′ = ৩৪১৭ বর্গফুট বা ০.০৪৩৬ (চার শতাংশ ছত্রিশ অযুতাংশ) একর	উত্তরে স্কুল এন্ড কলেজের নির্মাণাধীন নতুন বিল্ডিং। দক্ষিণে খেলার মাঠ পূর্বে বিজ্ঞান ভবন পশ্চিমে কলেজ ভবন	রাঢ়ীখাল স্যার জে.সি.বোস ইনস্টিটিউট	পুরানো জরাজীর্ণ ভবনটি প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত	পুরানো জরাজীর্ণ ভবনটি প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত

রাষ্ট্রপতির আদেশক্রমে

ছানিয়া আক্তার
সিনিয়র সহকারী সচিব।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

পুলিশ-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪২২/২৮ মে ২০১৫

নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০২৪.১৩-৪৮৬—যেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান 'অতিরিক্ত পুলিশ সুপার' ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার পুলিশ লাইন, গাজীপুর (সাবেক সিনিয়র সহকারী পুলিশ সুপার, শ্রীপুর মডেল থানা, গাজীপুর) এর বিরুদ্ধে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারীপূর্বক বিভাগীয় মামলা রুজু করে গত ১৮-০৮-২০১৩ তারিখের ৭৯৩ নম্বর স্মারক মূলে জনাব শ্যামল কুমার মুখার্জী অতিরিক্ত পুলিশ সুপার ঢাকা জেলাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তিনি তদন্ত প্রতিবেদন দাখিল করেন। পরবর্তীতে উক্ত মামলা পুনঃতদন্তের জন্য গত ১৫-০১-২০১৫ তারিখে ৫১ নম্বর স্মারক মূলে জনাব মোহাম্মদ আবু সুফিয়ান বিশেষ পুলিশ সুপার (অপঃ ঢাকা) সিআইডি বাংলাদেশ পুলিশ ঢাকাকে পুনঃ তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। পুনঃতদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে ২টি অভিযোগ প্রমাণিত এবং ১টি অভিযোগ আংশিক প্রমাণিত হয়েছে উল্লেখ করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত রিপোর্ট, সাক্ষ্য প্রমাণ, জবানবন্দী ইত্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা গত ২৬-০১-১৩ ইং তারিখ রাত অনুমান ১১:৩০ সময় শ্রীপুর থানার এসআই শহিদুল ইসলামকে নিয়ে ডিবিএল সিরামিক্স নামক প্রতিষ্ঠান কর্তৃক জনৈক আতাব উদ্দিন এর নিকট হতে ক্রয়কৃত জমিতে টিনের বেড়া ও সীমানা প্রাচীর নির্মাণ কাজ করাকালীন উক্ত প্রতিষ্ঠানে কর্মরত (১) নুরুল ইসলাম ফিরু (২) মোঃ সুজন, (৩) উত্তম রায়-দেরকে গাড়িতে তুলে তার অফিসে এনে চোখ বেঁধে মারধর করে জখম করেন। গত ২৭-০১-২০১৩ইং তারিখ রাত অনুমান ০২:২০ টায় শ্রীপুর মডেল থানা হাজতে রাখার জন্য প্রেরণ করেন এবং আটককৃতদের ছেড়ে দেয়ার লক্ষ্যে তাদের কাছে ১৫,০০,০০০ (পনের লক্ষ) টাকা দাবী করেন। উল্লিখিত অভিযোগসমূহ প্রথম তদন্তকারী কর্মকর্তার তদন্তে প্রমাণিত না হলেও পুনঃতদন্তকারী কর্মকর্তা কর্তৃক তদন্তে ২টি অভিযোগ প্রমাণিত এবং ১টি অভিযোগ আংশিক প্রমাণিত হয়েছে বলে তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। একই অভিযোগে দুইজন তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন পরস্পর বিরোধী। তবে পুনঃ তদন্তকারী কর্মকর্তা অপেক্ষাকৃত জ্যেষ্ঠ হওয়ায় তার প্রতিবেদন অধিকতর গ্রহণযোগ্য। বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে এটি প্রথম বিভাগীয় মামলা হওয়ায় ও তিনি উল্লিখিত ঘটনার সময় তুলনামূলকভাবে নবীন কর্মকর্তা থাকায় সার্বিক দিক বিবেচনা করে অভিযুক্তকে লঘু দন্ডের যেকোন একটি দণ্ড প্রদান করাটা যুক্তিযুক্ত হবে বলে প্রতীয়মান হয়।

৩। সেহেতু, সার্বিক অবস্থা পর্যালোচনায় জনাব মোঃ মিজানুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার পুলিশ লাইন, গাজীপুর (সাবেক সিনিয়র সহকারী পুলিশ সুপার, শ্রীপুর মডেল থানা, গাজীপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২) (বি) বিধি মতে তার পদোন্নতি ০১(এক) বছরের জন্য স্থগিত রাখার দণ্ড প্রদান করা হল।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

আইন অধিশাখা-৩

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১১ জ্যৈষ্ঠ ১৪২২/২৫ মে ২০১৫

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-২৯১—সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ বাজার রেলওয়ে থানার মামলা নং ০১, তারিখ ১-১১-১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৮/৯/১০/১১ ধারায় মামলার আসামীগণ সিরাজগঞ্জ বাজার রেলওয়ে থানাধীন শহীদ এম. মনসুর আলী রেলস্টেশনে প্লাটফর্মে টিকেট ঘরের পূর্ব পার্শ্বে প্লাটফর্মে গমনাগমন পথে অপরাধমূলক সন্ত্রাসী কর্মকান্ড সংঘটনের ষড়যন্ত্র ও প্রচেষ্টা করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৩-২৯২—বিজ্ঞ এম এম কোর্ট নং ১১, ঢাকা এর পিটিশন মামলা নং ০১/২০১৫, তারিখ ১৬-০৪-২০১৫ খ্রিঃ মূলে জনৈক ড. মোঃ জাহাঙ্গীর আলম, পিতা অজ্ঞাত, প্রফেসর পুরকৌশল বিভাগ, বুয়েট, রুম নং ৫৩২ শাহবাগ, ঢাকা ফেইসবুকে কামরুজ্জামান এর ফাঁসির বিষয়ে কয়েকটি আপত্তিকর মন্তব্য করেন। মন্তব্যগুলো একটি বিশেষ ধর্মের মানুষের ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে এবং রাষ্ট্রের পরিপন্থি ও রাষ্ট্রবিরোধী হওয়ার অভিযোগে পেনাল কোড, ১৮৬০ এর ২৯৫ক এবং ১২৪ ক ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ১২ জ্যৈষ্ঠ ১৪২২/২৬ মে ২০১৫

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৪-২৯৫—এসএমপি, সিলেট এর এয়ারপোর্ট থানার মামলা নং-১০, তারিখ ১০-৮-২০১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৮/৯(২)/১৩ ধারায় মামলার আসামীগণ এয়ারপোর্ট থানাধীন এয়ারপোর্ট গেইট সংলগ্ন গ্রীন ল্যান্ড হোটেলের উত্তর পার্শ্বে শাহজালাল জামে মসজিদের সামনে পাকা রাস্তার উপর নিষিদ্ধ সংগঠনের সদস্য হিসেবে উক্ত সংগঠনের প্রচারপত্র বিলি করতঃ সন্ত্রাসী কর্মকান্ডে প্ররোচিত করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খায়রুল আলম সেখ
উপসচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

শৃঙ্খলা-১ শাখা

আদেশাবলী

তারিখ, ১১ মে ২০১৫

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২০১-২০১৩-২৫৭—যেহেতু, ডাঃ সুজিত কুমার দাস (৪১৭৪৪), সহকারী অধ্যাপক (চঃ দাঃ), নিউনেটলজি, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম গত

২৯-০১-২০১০ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ৩১-১২-২০১৩ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২০১.২০১৩-২০১৫ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ৯-৭-২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২০১.২০১৩-৫৪২ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ০৮-০৩-২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০০৮.২০১৫-৭৯নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ২৯-০৪-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ সুজিত কুমার দাস (৪১৭৪৪), সহকারী অধ্যাপক (চঃ দাঃ), নিউনেটলজি, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রামকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৯-০১-২০১০ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৩-২০১৩-২৫৮—যেহেতু, ডাঃ সিদরাতুল মুনতাহা (১১৩০৮৩), মেডিকেল অফিসার, বখতিয়ারপুর উপস্বাস্থ্য কেন্দ্র, দুর্গাপুর, রাজশাহী গত ২৪-০১-২০১০ খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ০৯-১০-২০১৩ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০. ১৫৩.২০১৩-৮৮২ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ২৮-১০-২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৩.২০১৩-৮৩১ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না কারায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ২৬-০২-২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০০৭.২০১৫-৬০নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

সেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ২৯-০৪-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ সিদরাতুল মুনতাহা (১১৩০৮৩), মেডিকেল অফিসার, বখতিয়ারপুর উপস্বাস্থ্য কেন্দ্র, দুর্গাপুর, রাজশাহীকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৪-০১-২০১০ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ মে ২০১৫

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৮.২০১৪-২৭৭—যেহেতু, ডাঃ মোঃ শাহাদাৎ হোসেন (৪০৪৪৯), সহকারী অধ্যাপক (চঃ দাঃ) মেডিসিন বিভাগ, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল গত ১৫-১০-২০০৯ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর-৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ মোঃ শাহাদাৎ হোসেন (৪০৪৪৯), সহকারী অধ্যাপক (চঃ দাঃ), মেডিসিন বিভাগ, শের-ই, বাংলা মেডিকেল কলেজ, বরিশাল এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ১৫-১০-২০১৪ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

আদেশ

তারিখ, ২৭ মে ২০১৫

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৩.২০১৩-২৯৬— যেহেতু, ডাঃ মাসুমা মিতুল কচি (কোড-১০০৭২৭৪), ধানখালী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কলাপাড়া, পটুয়াখালী গত ০৫.০২.২০১২ খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৬-০২-২০১৩ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১. ০০.০৩৩.২০১৩-২১৬ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ১৯-০৯-২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৩.২০১৩-৭২৪ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না কারায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ২২-০৩-২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪. ০০.০০.০০৫.২০১৫-৯১নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ২৯-০৪-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মাসুমা মিতুল কচি (কোড ১০০৭২৭৪) ধানখালী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কলাপাড়া, পটুয়াখালীকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৫-০২-২০১২ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

আদেশাবলী

তারিখ, ২৪ মে ২০১৫

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৯.২০১৩-২৬৬—যেহেতু, ডাঃ আবু হেনা মোস্তফা কামাল আহমেদ (১১২৭৭৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াইল, কিশোরগঞ্জ গত ০৭-০৮-২০১২ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ০৮-০১-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৯.২০১৪-১০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৬-০২-২০১৪ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করে আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ আবু হেনা মোস্তফা কামাল আহমেদ (১১২৭৭৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স তাড়াইল, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ , কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) নিয়মিত চাকুরিতে যোগদানের তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২১১.২০১৪-২৭২—যেহেতু, ডাঃ মোহাম্মদ আলী আশরাফ (১২১৭৮৯), মেডিকেল অফিসার, সংযুক্ত SCANU বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, হাসপাতাল, চট্টগ্রাম (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম) গত ১৬-০৬-২০১২ তারিখ হতে ০৬-০৮-২০১৩ তারিখ পর্যন্ত 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৮-০৫-২০১৪ তারিখে ৪৫.১৫০. ০২৭.০১.০০.২১১.২০১৪-৪২৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ আলী আশরাফ (১২১৭৮৯), মেডিকেল অফিসার, সংযুক্ত- SCANU বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

তাঁর ১৬-০৬-২০১২ তারিখ হতে ০৬-০৮-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

বিমান কুমার সাহা এনডিসি
অতিরিক্ত সচিব।

হাসপাতাল ৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৮ এপ্রিল ২০১৫

নং স্বাপকম/হাস-৩/৮-২৪/২০০৭/১২১—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের হাসপাতাল ০৩ শাখার গত ১৮-০৯-২০১৪ তারিখের স্বাপকম/হাস-৩/৮-২৪/২০০৭/৪২২ সংখ্যাক স্মারককের ধারাবাহিকতায় একজন সদস্য অর্ন্তভুক্ত করে নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে ঢাকা ন্যাশনাল মেডিকেল ইনস্টিটিউট হাসপাতাল এর ব্যবস্থাপনা বোর্ড পুনর্গঠন করা হলো ঃ

সভাপতি

(১) এডভোকেট কাজী ফিরোজ রশিদ, সংসদ সদস্য, ঢাকা-০৬

সদস্যবৃন্দ

(২) জনাব আবু আহমেদ মান্নাফী (বীর মুক্তিযোদ্ধা), ১৬, লারমিনি স্ট্রীট, ওয়ারী, ঢাকা

(৩) অধ্যক্ষ, ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ, ঢাকা

(৪) উপ-সচিব (বাজেট), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(৫) উপ-সচিব (হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৬) উপ-সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(৭) জেলা প্রশাসক, ঢাকা

(৮) জনাব কে এম শহিদ উল্লা, ক্রীড়া ব্যক্তিত্ব ও সমাজসেবক, পিতা অহিদুল মওলা, ৬৯-৭১, সিদ্বেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, রমনা, ঢাকা

(৯) অধ্যাপক ডাঃ মোশতাক আহমেদ, সার্জারী বিভাগ, ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ, ঢাকা

(১০) জনাব মোঃ বাচ্চু মিয়া (এম,এ), ০৬ নং রাজার দেউরী, কোতায়ালী, ঢাকা

(১১) হাজী মোঃ সেলিম, সাবেক কমিশনার, ৩৭, কাজী আব্দুর রউফ রোড, কলতাবাজার, ঢাকা

(১২) জনাব আলমগীর সিকদার লোটন, ১৩/৪, পিসি ব্যানার, জি লেন, সিংটলা, সূত্রাপুর, ঢাকা

(১৩) জনাব ময়নুল হক মনজু, সাবেক কমিশনার, ৫৫, কে এম দাস লেন, ওয়ারী, ঢাকা।

(১৪) জনাব সালাউদ্দিন বাদল, ০৭ নং উত্তর ময়ষড়ী, টিপু সুলতান রোড, ওয়ারী, ঢাকা

(১৫) জনাব হেদায়েতুল ইসলাম স্বপন, বিশিষ্ট সমাজ সেবক, ১৮/১, নারিন্দা লেন, গেন্ডারিয়া

(১৬) হাজী মোঃ সাহিদ, সাবেক কমিশনার ও বিশিষ্ট সমাজ সেবক, ৩০ দেবেন্দ্রনাথ দাস লেন, সূত্রাপুর, ঢাকা

(১৭) জনাব আলীমুজ্জামান আলম, ১৩৫ নবাবপুর রোড, ওয়ারী, ঢাকা

(১৮) জনাব দেবাষীশ বিশ্বাস, ১১৮ শাখারী বাজার, ঢাকা।

(১৯) জনাব গাজী সারোয়ার হোসেন বাবু, ৪ হেমন্তদাস রোড, সূত্রাপুর, ঢাকা

(২০) এডভোকেট মাহবুবুর রহমান, ৫৭ সতীশ সরকার রোড, গেন্ডারিয়া, ঢাকা

(২১) জনাব মনিরুল হক রবিন, ৮৭ ডিস্ট্রিলারি রোড, গেন্ডারিয়া ধুপখোলা, ঢাকা।

(২২) জনাব আমির উদ্দিন আহমেদ, সমাজসেবক ও রাজনৈতিক ব্যক্তিত্ব, পিতা মৃত আব্দুল মোতালেব সরদার, ৮১/১ নারিন্দা রোড, থানা গেন্ডারিয়া

সদস্য-সচিব

(২৩) পরিচালক, ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ, ঢাকা

(খ) ব্যবস্থাপনা বোর্ডের কার্য-পরিধি ঃ

(১) হাসপাতালটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য যাবতীয় কার্য সম্পাদন;

(২) হাসপাতাল সম্প্রসারণ ও আধুনিকীকরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা;

(৩) হাসপাতলের আয় ব্যয়সমূহ নিয়ন্ত্রণ ও নিয়মিতকরণ;

(৪) হাসপাতালটির জন্য একটি উপযুক্ত গঠনতন্ত্রের খসড়া প্রণয়ন;

(৫) হাসপাতালটির জন্য একটি বোর্ড অব ট্রাস্টিজ গঠন সংক্রান্ত;

(৬) প্রতিমাসে অন্ততঃ একবার হাসপাতালের ব্যবস্থাপনা বোর্ড সভা অনুষ্ঠান;

(৭) স্বীকৃত চার্টার্ড একাউনটেন্ট ফার্ম কর্তৃক হাসপাতালের বার্ষিক হিসাব নিরীক্ষা করানো এবং তাদের নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;

(৮) হাসপাতালের জন্য প্রাপ্ত এবং সৃষ্ট সমুদয় ফান্ডের সুষ্ঠু ব্যবহার ও বিধি সম্মত হিসাবরক্ষণ;

(৯) প্রতিষ্ঠানের সম্পাদিত কাজের বিবরণীসহ সরকার কর্তৃক আদিষ্ট সকল রিপোর্ট ও রিটার্ণ প্রদান।

(গ) সরকার প্রয়োজনবোধে বোর্ডের কার্যকাল এবং সদস্য সংখ্যা হ্রাস বৃদ্ধি করতে পারবেন।

(ঘ) বোর্ডের কার্যকালের মেয়াদ প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ০৫ (পাঁচ) বছর হবে।

(ঙ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নুরুন্নাহার
সিনিয়র সহকারী সচিব।

ভূমি মন্ত্রণালয়
অধিগ্রহণ অধিশাখা-১

বিজ্ঞপ্তি

তারিখ, ২০ সেপ্টেম্বর ২০১৫

নং ৩১.০০.০০০০.০৪৭.৬৮.০৬৩.১৫-৩৫৩—ভূমি মন্ত্রণালয়ের অধিগ্রহণ-১ শাখার ২০ কার্তিক ১৪২০/০৪ নভেম্বর ২০১৩ তারিখের ভূঃমঃ/শাঃ-১০/হুঃদঃ/ডিএ-৪৪/৮৭ (অংশ-২)২৯৭ নং স্মারক উল্লেখপূর্বক ১৩৮/৬১-৬২ নং এল,এ কেসের আওতায় হুকুম দখলকৃত ঢাকা জেলার সাবেক গুলশান ও ক্যান্টনমেন্ট হালে ভাটারা ও খিলক্ষেত থানার জোয়ার সাহারা মৌজার জে.এল নং ২৭১, সি,এস বিভিন্ন দাগের নিম্ন তফসিলভুক্ত মোট ৭৯.১৯ (উনাশি দশমিক এক নয়) একর জমি অবমুক্তি সংক্রান্ত ২০১৩ সালের ১২ ডিসেম্বর বাংলাদেশ গেজেটের ৫০ নং সংখ্যার (১ম খণ্ড) ৮২৩ নং পৃষ্ঠায় প্রকাশিত একটি প্রজ্ঞাপন ভূমি মন্ত্রণালয়ের নজরে এসেছে।

তফসিল

জেলা: ঢাকা, থানা: সাবেক গুলশান ও ক্যান্টনমেন্ট হালে ভাটারা ও খিলক্ষেত, মৌজা: জোয়ার সাহারা, জে.এল নং ২৭১।

সি.এস দাগ ১৩৪৭, ১৩৪৮, ১৩৫৭, ১৩৬০, ১৩৬১, ১৩৬২, ১৩৬৫, ১৩৭৬, ১৩৭৯, ১৪১৯, ১৪২০, ১৪৩৯, ১৪৪০, ১৪৪৬, ১৪৫২, ১৫২৪, ১৫২৬, ১৫২৭, ১৫২৮, ১৬৫২, ১৬৫৩, ১৬৫৫, ১৬৫৬, ১৬৭৩, ১৬৭৪, ১৬৮১, ১৭৮২, ১৭৮৩, ১৭৮৪, ১৭৮৫, ১৭৯২, ১৭৯৩, ১৭৯৫, ১৭৯৬, ১৭৯৭, ১৮০০, ১৮০১, ১৮১০, ১৮১১, ১৮১২, ১৮১৩, ১৮১৪, ১৮১৫, ১৮১৬, ১৮১৭, ১৮১৮, ১৮১৯, ১৮২০, ১৮৩১, ১৮৩২, ১৮৩৪, ১৮৩৬, ১৮৩৭, ১৮৪৪, ১৮৪৭, ১৮৪৮, ১৮৪৯, ১৮৫০, ১৮৫১, ১৮৫২, ১৮৫৩, ১৮৫৪ ও ১৮৬২ সম্পূর্ণ অংশ।

সর্বমোট জমির পরিমাণ- ৭৯.১৯ একর।

২। প্রকৃতপক্ষে ভূমি মন্ত্রণালয় হতে কখনো উল্লিখিত অবমুক্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি গেজেটে মুদ্রণের জন্য প্রেরণ করা হয়নি। প্রকাশিত গেজেটে ব্যবহৃত ভূমি মন্ত্রণালয়ের স্মারক ও স্বাক্ষরকারীর স্বাক্ষর ভূয়া ও প্রতারণামূলক।

৩। অতএব, ২০১৩ সালের ১২ ডিসেম্বর বাংলাদেশ গেজেটের ৫০ নং সংখ্যার (১ম খণ্ড) ৮২৩ নং পৃষ্ঠায় ভূমি মন্ত্রণালয়ের অধিগ্রহণ-১ শাখার ২০ কার্তিক ১৪২০/০৪ নভেম্বর ২০১৩ তারিখের ভূঃমঃ/শাঃ-১০/হুঃদঃ/ডিএ-৪৪/৮৭(অংশ-২)২৯৭ নং স্মারকে জারিকৃত মর্মে প্রকাশিত বিজ্ঞপ্তিটি সর্বদাই বাতিল (void) বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস, এম, আব্দুল কাদের
উপসচিব।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ , ১৩ জ্যৈষ্ঠ ১৪২২/২৭ মে ২০১৫

নং ৪৬.০৬৩.০২৭.০১.০০.০০৭.২০১৪-৮৫৪—যেহেতু, জনাব আব্দুল আওয়াল মজনু হবিগঞ্জ জেলাধীন হবিগঞ্জ পৌরসভার ৭নং ওয়ার্ড কাউন্সিলর; এবং

যেহেতু, দ্রুত বিচার আদালত, হবিগঞ্জ দ্রুত জি, আর-১৭/২০১৪ (হবি) নং মামলার আসামী হবিগঞ্জ পৌরসভার ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব আব্দুল আওয়াল মজনু এর বিরুদ্ধে দাখিলীয় অভিযোগপত্র গত ১৪-০১-২০১৫ তারিখ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, দ্রুত বিচার আদালত, হবিগঞ্জ দ্রুত জি, আর-১৭/২০১৪(হবি) নং মামলায় দাখিলীর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা হবিগঞ্জ জেলাধীন হবিগঞ্জ পৌরসভার ৭নং ওয়ার্ড কাউন্সিলের এর ক্ষমতা প্রয়োগ পৌরসভা তথা জনস্বার্থের পরিপন্থি এবং প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে।

সেহেতু, সরকার তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারার বিধান অনুযায়ী হবিগঞ্জ জেলাধীন হবিগঞ্জ পৌরসভার ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব আব্দুল আওয়াল মনজুকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৬.০৬৩.০২৭.০১.০০.০০৭.২০১৪-৮৫৫—যেহেতু, জনাব মাহবুবুল হক হেলাল হবিগঞ্জ জেলাধীন হবিগঞ্জ পৌরসভার ৯নং ওয়ার্ড কাউন্সিলর; এবং

যেহেতু, দ্রুত বিচার আদালত, হবিগঞ্জ দ্রুত জি, আর-১৭/২০১৪ (হবি) নং মামলার আসামী হবিগঞ্জ পৌরসভার ৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মাহবুবুল হক এর বিরুদ্ধে দাখিলীয় অভিযোগপত্র গত ১৪-০১-২০১৫ তারিখ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, দ্রুত বিচার আদালত, হবিগঞ্জ দ্রুত জি, আর-১৭/২০১৪(হবি) নং মামলায় দাখিলীয় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা হবিগঞ্জ জেলাধীন হবিগঞ্জ পৌরসভার ৯নং ওয়ার্ড কাউন্সিলের এর ক্ষমতা প্রয়োগ পৌরসভা তথা জনস্বার্থের পরিপন্থি এবং প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে;

সেহেতু সরকার তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারার বিধান অনুযায়ী হবিগঞ্জ জেলাধীন হবিগঞ্জ পৌরসভার ৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মাহবুবুল হককে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪২২/২৮ মে ২০১৫

নং ৪৬.০৬৩.০৩২.০১.০০.০০২.২০১১-৮৬৪—নাটোর জেলাধীন সিংড়া পৌরসভার ০৬নং ওয়ার্ডের কাউন্সিলর ও ০২ নং প্যানেল মেয়র আলহাজ্ব সায়েদ আলী গত ০৯-০৩-২০১৫ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভার) আইন, ২০০৯ এর ধারা ৩৩ এর উপ-ধারা (১)(চ) মতে সরকার উল্লিখিত ওয়ার্ড কাউন্সিলরের পদটি শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদশক্রমে

মোঃ খলিলুর রহমান
উপসচিব।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন অধিশাখা-২

প্রজ্ঞাপন

তারিখ, ০১ আষাঢ় ১৪২২/১৫ জুন ২০১৫

নং ৪৭.০৩২.০৩২.০০৬.০৬১.০০৭.২০১২-৩২৬—সমবায় সমিতি আইন, ২০০১ এর ৪(ক) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে পরিবাগ প্রিয় প্রাঙ্গণ সমবায় সমিতি লিঃ ২, পরিবাগ, ঢাকা এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচিত সদস্যের মেয়াদ সংক্রান্ত সমবায় সমিতি (সংশোধন) আইন, ২০১৩ এর ১৮(৮) ধারায় উক্ত আইনের প্রয়োগ হইতে অব্যাহতি প্রদান করিল।

শর্তাবলী ঃ

সমবায় অধিদপ্তরের স্মারক নং ৪৭.৬১.০০০০.০২৪. ৪০. ৭৭.৯৩/১৩৫, তারিখ ০৪-৬-২০১৫ মূলে পরিবাগ প্রিয় প্রাঙ্গণ সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচিত সদস্য হিসাবে একাধিক্রমে তিনটি মেয়াদ পূর্ণ করিয়াছেন এমন কোন সদস্য উক্ত মেয়াদের অব্যবহিত পরবর্তী একটি মেয়াদের নির্বাচনে প্রার্থী হইবার যোগ্য হইবেন। এই মেয়াদ বর্তমান ব্যবস্থাপনা কমিটির কার্যকাল ৩১-০৭-২০১৫ তারিখে শেষ হওয়ার পরবর্তী ০১(এক) টি নির্বাচনী মেয়াদ (০১-০৮-২০১৫ হতে ৩১-০৭-২০১৮) পর্যন্ত কার্যকর থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আফজাল হোসেন
যুগ্ম-সচিব।